

জাবির ভর্তি পরীক্ষায় আসনপ্রতি লড়বেন ১১৯ জন

জাবি প্রতিনিধি

০৯ ডিসেম্বর ২০২৫, ০৩:৩০ পিএম



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) ২০২৫-২৬ শিক্ষাবর্ষের স্নাতক প্রথম বর্ষের ভর্তি পরীক্ষার আবেদন শেষ হয়েছে। সোমবার দিবাগত রাত ১২টা পর্যন্ত মোট দুই লাখ ১৯ হাজার ৩৯৯ জন আবেদন করেছেন। ফলে একটি আসনের জন্য লড়াই করবেন ১১৯ জন পরীক্ষার্থী।

মঙ্গলবার (৯ ডিসেম্বর) সকালে বিশ্ববিদ্যালয়ের উপ-রেজিস্ট্রার সৈয়দ আলী রেজা এ তথ্য নিশ্চিত করেছেন।

জানা যায়, A ইউনিটে ৩৮০১১ জন পুরুষ ও ২২৩৪০জন নারী মিলিয়ে আবেদন করেছেন ৬০৩৫১ জন, B ইউনিটে ২০৫৮৩ জন যারযার জন ৮৭৯৯জন পুরুষ ও ১১৭৮৪জন নারী, C ইউনিটে ৪৭৪৯৭ জন যারযার ২০৩৯৯জন পুরুষ ও

২৭০৯৮জন নারী, C1 ইউনিটে ৩৭২৫ জন যার ১৫৬৯ জন পুরুষ ও ২১৫৬জন নারী, D ইউনিটে সবচেয়ে বেশি অর্থাৎ ৭০২২০ জন যার ২৯৪২৯ জন পুরুষ ও ৪০৭৯১জন নারী, E ইউনিটে ১১৬১২ জন যার ৫৯২৯জন পুরুষ ও ও ৫৬৮৩জন নারী এবং IBA-JU ইউনিটে আবেদন করেছেন ৫৪১১ জন যার ৩৩১২জন পুরুষ ও ২০৯৯জন নারী।

ইউনিটভেদে পুরুষ ও নারী আবেদনকারীর সংখ্যায়ও বৈচিত্র্য দেখা গেছে; বেশ কয়েকটি ইউনিটে নারী আবেদনকারীর সংখ্যা ছিল পুরুষের তুলনায় বেশি। সর্বাধিক আবেদন এসেছে D ইউনিটে এবং সর্বনিম্ন C1 ইউনিটে।

ভর্তি পরীক্ষা স্বচ্ছ, নকলমুক্ত ও প্রযুক্তিনির্ভরভাবে আয়োজনের লক্ষ্যে সব ধরনের প্রস্তুতি নিয়েছে বলে জানিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। পরীক্ষার সময়সূচি এবং আসন বিন্যাস শিগগিরই প্রকাশ করা হবে বলে জানানো হয়।